



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

১৪/০১/২০২১

প্রেস বিজ্ঞপ্তি

ব্লাস্টের নারী আইন সহায়তা কর্মীর বিরুদ্ধে দায়েরকৃত অপরাধমূলক মানহানির মামলায় জামিন লাভ

আজ ব্লাস্টের একজন নারী আইনসহায়তা কর্মী, তার বিরুদ্ধে দায়েরকৃত অপরাধমূলক মানহানির মামলায় জামিন লাভ করেছেন। কক্সবাজারের একটি আদালত হয়রানিমূলক এই মামলায় জামিন মঞ্জুর করেন।

মামলায় অভিযোগ করা হয় যে, এই আইন সহায়তাকর্মী বিজিবি সদস্যের বিরুদ্ধে "ধর্ষণ" এবং "গণধর্ষণ" এর অভিযোগ করেছেন। যদিও অভিযুক্ত তা অস্বীকার করেছেন।

উল্লেখ্য, গত ০৮ অক্টোবর ২০২০ তারিখে কক্সবাজার জেলার টেকনাফে অবস্থিত বিজিবি চেকপোস্টে ব্লাস্টের একজন নারী কর্মীর যৌন নির্যাতনের অভিযোগ শোনা গেলেও তা বিভিন্ন সংবাদমাধ্যমে ভুলভাবে প্রকাশিত হয়। ব্লাস্ট উল্লেখিত যৌন নির্যাতনের বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছে এবং সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের দাবী জানিয়েছে। পরবর্তীতে গত ১১ নভেম্বর ২০২০ তারিখে জানা যায় যে, ব্লাস্টের উক্ত নারী কর্মীর বিরুদ্ধে বিজিবির একজন কর্মকর্তা কক্সবাজারের একটি আদালতে মানহানির মামলা দায়ের করেছেন।

বিভিন্ন মানবাধিকার সংগঠন ও ফোরাম এবং বিশিষ্ট নাগরিকরা উদ্বেগ প্রকাশ করেছেন যে, এ পর্যন্ত এ বিষয়ে কোন স্বাধীন তদন্ত করা হয়নি বরং একজন নারী যখন চেকপোস্টে তার বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ এনেছেন তখন তার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ এনে ঔপনিবেশিক আমলের অপরাধমূলক মানহানি মামলা দায়ের করে হয়রানি করা হল।

ব্লাস্টের নারী কর্মীর পক্ষে মামলাটি পরিচালনা করেন এডভোকেট আব্দুল শুক্কুর। তাকে সহায়তা করেন এডভোকেট প্রতিভা রাণী দাস।

আরও তথ্যের জন্য যোগাযোগ করুন:

mediainquiryblast@gmail.com